



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

“কৃষি ভবন”

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

(জনসংযোগ বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২০৭.০২৯.০০.০০.০৫৬.২০১২/০৫

তারিখঃ ১৩/০৭/২০১৬

বরাবর

আইসিটি সেল ইনচার্জ

মনিটরিং বিভাগ

বিএডিসি, কৃষি ভবন, ঢাকা

বিষয়ঃ “বিএডিসিতে জঞ্জিবাদ, সন্ত্রাস, নৈরাজ্য ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে প্রতিরোধ সভা অনুষ্ঠিত” শিরোনামে সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, “বিএডিসিতে জঞ্জিবাদ, সন্ত্রাস, নৈরাজ্য ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে প্রতিরোধ সভা অনুষ্ঠিত” শিরোনামে নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি বিএডিসি’র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানাচ্ছি।

সংবাদ বিজ্ঞপ্তি

বিএডিসিতে জঞ্জিবাদ, সন্ত্রাস, নৈরাজ্য ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে প্রতিরোধ সভা অনুষ্ঠিত

দলমত-পেশা নির্বিশেষে সকলে মিলে ঐক্যবদ্ধভাবে জঞ্জিবাদ, সন্ত্রাস, নৈরাজ্য ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। শুধুমাত্র সরকারের একাধিক পক্ষে জঞ্জিবাদ প্রতিরোধ সম্ভব নয়। যার যার অবস্থান থেকে সকলকে সম্মিলিতভাবে প্রতিরোধ গড়ে তুলতে হবে। গতকাল ১২ জুলাই বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)’র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর উদ্যোগে কৃষি ভবনের সম্মেলন কক্ষে আয়োজিত সভায় বক্তারা এই অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানের শুরুতে গুলশান ও শোলাকিয়ায় নিহতদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। বিএডিসি’র চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি)’র মহাসচিব কৃষিবিদ মোঃ মোবারক আলী, জ্যেষ্ঠ সহসভাপতি কৃষিবিদ এএমএম সালেহ, যুগ্ম মহাসচিব কৃষিবিদ সমীর চন্দ্র চন্দ্র, বিএডিসি’র সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) ড. মোঃ সাইদুর রহমান সেলিম, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব রওনক মাহমুদ, সচিব ড. মোয়াজ্জেম হোসেনসহ সংস্থার সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

বিএডিসি’র উপপরিচালক (বীপ্রকে) ও কেআইবি’র কৃষি ও পরিবেশ বিষয়ক সম্পাদক জনাব মোঃ মুকসুদ আলম খান মুকুট এর পরিচালনায় সভায় বিএডিসি কৃষিবিদ সমিতির সাধারণ সম্পাদক কৃষিবিদ একেএম ইউসুফ হারুন, বিএডিসি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান, বিএডিসি প্রকৌশলী সমিতির পক্ষে প্রকৌশলী ধীরেন্দ্র চন্দ্র দেবনাথ, সিবিএ এর সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা জান মোহাম্মদ, সহসভাপতি জনাব মোঃ সামছুল হকসহ নেতৃবৃন্দ বক্তব্য দেন এবং জঞ্জিবাদ নির্মূলে তাদের পরামর্শ ও মতামত তুলে ধরেন।


১৩/০৭/১৬
(তাহমিনা বেগম)

জনসংযোগ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫২২৫৬

ই-মেইল: prdbadc@gmail.com